I 01449/05    I-02474/05

15000 रु. भारतीय गैर न्यायिक 15000 रु.

INDIA NON JUDICIAL

पन्द्रह हज़ार रुपये    RUPEES FIFTEEN THOUSAND

सत्यमेव जयते

Rs.15000    भारत INDIA    Rs.15000

02BB 775007

verified with Deed No-3762/78 of DR Alipore
11.3.05

Mamata Chakraborty
Shakti Chakraborty
Dipannita Chakraborty

District Sub-Registrar
Alipore, South 24 Pgs
17.06.05

মং ৩, ০০, ০০০.০০ টাকা পণ মূল্যের সাফ বিক্রয় কোবালা দলিল :-

**********************************************

বিক্রয় কোবালা গ্রহিতা :- শ্রী অসিত কুমার সরকার, পিতা ৺ অজিত কুমার সরকার, জাতি- হিন্দু, পেশা- ব্যবসা, সাং ১০২৪এন।১, মহাত্মা - গান্ধী রোড, । পো:- হরিদেবপুর, থানা- ঠাকুরপুকুর, কলকাতা- ৭০০০৮২ ॥

Admissible under Regn. rule 21 and u/s ...... of the West Bengal R Act 1958, duly Stamped (Exempted from/does not require stamp duty) under the Indian Stamp Act 1899 as amended in 1994, Schedule 1A No. 23

A- 3289.00
E- 7.00
H- 28.00
M(b) 4.00
3328.00

বিক্রয় কোবালা দাতা :- ১। শ্রীমতী মমতা চক্রবর্ত্তী, স্বামী ৺ শান্তনু চক্রবর্ত্তী, ২। শ্রী শক্তি চক্রবর্ত্তী, পিতা ৺ শান্তনু চক্রবর্ত্তী, ৩। দীপান্বিতা চক্রবর্ত্তী, পিতা ৺ শান্তনু চক্রবর্ত্তী, সকলের জাতি- হিন্দু, পেশা- ১নং গৃহস্থালী, ২নং চাকুরী, ৩নং অধ্যয়ন।

District Sub-Registrar
Alipore, South 24 Pgs.
17.06.05




02BB 775008

Mamata Chakraborty
Shakti Chakraborty
Sipannita Chakraborty

। ২ ।

বিক্রয় কোবালা দাতা :- সর্ব্ব সাং মিলন পাড়া রায়গঞ্জ, জেলা- উত্তর দিনাজপুর, পশ্চিম বঙ্গ ।


***************

**************************************

কস্য রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের নিম্ন তপশীল চৌহদ্দি ভুক্ত জমি মায় তদুপরিস্থিত পুরাতন জীর্ণ ভগ্ন একতলা বাড়ীর অবিভক্ত অর্দ্ধাংশের কমবেশী ১ কাঠা ১২ ছটাক ৪২৫ স্কোয়ার ফিট বাস্তু জমি মায় বাটীর অর্দ্ধাংশ সাজপাট বৃক্ষাদি সহ সম্পত্তি মায় তৎসংক্রান্ত সর্ব্ববিধ ব্যবহারিক ও ইজমেন্ট স্বত্ত্বাদি সহ সম্পত্তি সম্পূর্ণ নিদ্দায় ও নিদ্দোষ অবস্থায় বিক্রয়ের সাফ কোবালা দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

জেলা- দক্ষিন ২৪ পরগনা, থানা- সাবেক বেহালা হাল ঠাকুরপুকুর, এ্যাডিশন্যাল ডিস্ট্রিক্ট্ সাব-রেজিষ্ট্রী অফিস-বেহালা, সাবেক সাউথ সুবারবণ মিউনিসিপ্যালিটির স্থলে বর্তমানে কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১২২নং ওয়ার্ডের অন্তর্ভুক্ত পরগনা- খাসপুর, অত্র জেলা কালেকটারির ৪০নং তৌজি ভুক্ত রে: সা: নং ৩৫, জে: এল: নং ২৫, মৌজা- হরিদেবপুর গ্রামে সাবেক জেলা জরীপের ১৭২ নং খতিয়ান ভুক্ত ২১৲টাকা জমার -

10 Rs.




Mamata Chakraborty

Shakti Chakraborty

Sipamita Chakraborty

। ৩ ।

অন্তর্গত ৪৬৪নং দাগে ১.৩৪ একর রায়তে স্থিতিবান স্বত্বীয় জমি জমা সম্পত্তি পূর্ব্বে হরিদেবপুর নিবাসী মুল্লুক চাঁদ মোল্লা ও তদীয় পুত্র আমির খাঁ-এর স্বত্ব দখলীয় সম্পত্তি থাকে। উক্ত মুল্লুক চাঁদ মোল্লা তাহার অংশের সম্পত্তি পশ্চিম তরফে পৃথক চিহ্নিত থাকে এবং আমির খাঁর অংশের সম্পত্তি পূর্ব তরফে পৃথক সীমানাকৃত ছিল। তদবস্থায় উহারা পিতা পুত্র উভয়ে নিজ নিজ সম্পত্তিতে চাষাবাদ করিয়া নির্ব্বিবাদে ভোগ দখল করিতে থাকাবস্থায় বিগত রিভিসন্যাল সেটেলমেন্ট জরীপে মুল্লুক চাঁদ মোল্লার ॥.(আট)আনা অংশের সম্পত্তি হরিদেবপুর মৌজার হাল ১১৭৯ নং খতিয়ানে বার্ষিক ৬ টাকা ৬ আনা ১১ পাই খাজনায় ৪৬৪ নং দাগে ৬৭ শতক জমি রূপে মুল্লুক চাঁদ মোল্লার নামে পৃথক ভাবে রেকর্ড হয় এবং ৪০নং তৌজির মালিক দিগরের মধ্যে পার্টিশন হওয়ায় উক্ত হাল১১৭৯ নং খতিয়ান ভুক্ত ভূ-সম্পত্তি ৩৩৫৮নং তৌজি ভুক্ত হয়। তৎপরে পশ্চিম বঙ্গ জমিদারী গ্রহণ আইনানুসারে পূর্ব্বতন জমিদারের মধ্যস্বত্ব লোপ পাওয়ায়, পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে ২৪ পরগনার কালেক্টার বাহাদুর সরকারে সন সন খাজনাদি আদায়ে উক্ত মুল্লুক চাঁদ মোল্লা হাল ১১৭৯নং

Mamata Chakraborty Shakti Chakraborty Dipanwita Chakraborty

খতিয়ান ভুক্ত ৪৬৪ নং দাগের পৃথক চিহ্নিত ৬৭ শতক জমিতে একক ষোল আনার মালিক রূপে অন্যের নিরাংশে ও নির্ব্বিবাদে ভোগ দখল করিতে থাকাবস্থায় তাহার নগদ অর্থের প্রয়োজনে উক্ত ৬৭ শতক জমির পশ্চিমাংশের ৩৩ শতক বা ১ বিঘা জমি বিক্রয় করিবার নিমিত্ত ৮১নং গঙ্গাপুরী নিবাসী কুলদা কিঙ্কর ঘোষ মহাশয়ের সহিত বায়নাপত্র করেন। উক্ত বায়না পত্র গত ইংরাজী ১২।৪।১৯৬৭ তারিখে আলিপুর সাব-রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১নংবহির ৪৩ নং ভলুমের ২৫০ হইতে ২৫৩ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ ১৯৬৭ সালের ২৪১২ নং এগ্রিমেন্ট রূপে রেজিষ্ট্রী হয়। অতঃপর উক্ত ৩৩ শতক জমি উক্ত মুল্লুক চাঁদ মোল্লা ও কুলদা কিঙ্কর ঘোষ একত্রে বিভিন্ন প্লটে বিভক্ত করিয়া বিক্রয়ের ঘোষনা করিলে, উক্ত কুলদা কিঙ্কর ঘোষের মনোনীত ১৮সি, কে, এম, নস্কর রোড, কলিকাতা-৪০ নিবাসী শ্রী দীপক কুমার রায় মহাশয় স্কীম প্ল্যানের " পি " প্লটের চিহ্নিত ২ কাঠা ১৫ ছটাক ৪৪ স্কোয়ার ফিট জমি বিগত ইংরাজী সন ১৯৬৮ সালের ১৩ই এপ্রিল তারিখে সহি সম্পাদিত ও রেজিষ্ট্রীকৃত একখন্ড সাফ কোবালা দলিল মূলে তাহার নিজার্থে ও স্বার্থে খরিদ করিয়া খাস দখল প্রাপ্তে ভোগ দখল করিতে থাকেন। তৎপরে উক্ত দীপক কুমার রায় মহাশয় গত ইংরাজী ১৯৭৩ সালে অপর একখন্ড রেজিষ্ট্রীকৃত কোবালা দলিল বলে পূর্ব্বোক্ত খরিদা ' পি ' প্লটের দক্ষিন পাশে" ও " প্লটের ৯ ছটাক ৪০ স্কোয়ার ফিট জমি খরিদ করিয়া নির্ব্বিবাদে ভোগ দখল করিতে থাকেন এবং মালিকান সেরেস্তায় ও সাবেক সাউথ সুবারবণ মিউনিসিপ্যালিটীতে তাহার নাম পত্তন পূর্ব্বক ২০৫।১, মহাত্মা গান্ধী রোড হোল্ডিং ভুক্ত সম্পত্তি রূপে রাজস্ব খাজনা ও মিউনিসিপ্যাল করাদি আদায় দিয়া উক্ত সম্পত্তি ভোগ দখল করিতে থাকেন।

অতঃপর তিনি তাহার খরিদ সূত্রে ভোগ দখলীয় " পি " প্লটের ২ কাঠা ১৫ ছটাক ৪৪ স্কোয়ার ফিট জমিতে ইমারত বাড়ী নির্ম্মানের জন্য পশ্চিম বঙ্গ স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক লিঃ হইতে গৃহ নির্ম্মানের জন্য ঋণ লইয়া উহার সিকিউরিটি স্বরূপ " পি " প্লটের ২ কাঠা ১৫ ছটাক ৪৪ স্কোয়ার ফিট জমির দলিলটি ব্যাঙ্কে মর্টগেজ রাখেন। এবং

Mamata Chakraborty Shakti Chakraborty Sipannita Chakraborty



গৃহীত ঋণের টাকাদিয়া উক্ত জমির উপরে বাড়ী নির্ম্মানের জন্য মিউনিসিপ্যালিটি হইতে বাড়ীর প্ল্যান অনুমোদন করাইয়া ঘর বারান্দা পায়খানা বাথরুম যুক্ত একতলা ইমারত বাটী নির্ম্মান করিয়া এবং ইলেকট্রিক লাইন, মিটার কানেকশান লইয়া ও ব্যবহার করিয়া উক্ত জমি মায় গৃহাদিতে বসবাস পূর্ব্বক ভোগ দখল করিতে থাকেন।

অতঃপর উক্ত দীপক কুমার রায় মহাশয় উক্ত জমি ও বাড়ীতে বসবাস করিতে অসুবিধার কারণে অন্যত্র বসবাস করিতে মনস্থ করিয়া ব্যাঙ্কের ঋনের টাকা সুদ সহ পরিশোধ করিবার নিমিত্ত নগদ অর্থের প্রয়োজনে তাহার খরিদ সূত্রে ভোগ দখলীয় উক্ত " পি " এবং " ও " প্লটের সর্ব্বমোট ৩ কাঠা ১ ছটাক ৪০ স্কোয়ার ফিট বাস্তু জমি মায় তদুপরিস্থিত একতলা ইমারত বাটী সাজপাট বাউন্ডারী ওয়াল সহ সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় বিক্রয় করিবার অভিপ্রায় ঘোষনা করিলে, আমরা অত্র কোবালা দাতাগণের পূর্ব্বাধিকারী অর্থাৎ ১নং দাত্রীর শশ্রু মাতা এবং ২, ৩নং দাতা ও দাত্রীর পিতামহি বর্তমানে মৃত শ্রী মত্যা লী লা রানী চক্রবর্ত্তী মহাশয়া তাহা অবগত হইয়া বিগত ইংরাজী ৩।৭।১৯৭৮ তারিখে সহি সম্পাদিত ও আলিপুর ডিস্ট্রিক্ট সাব-রেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত ১নং বহির ১৪৬ নং ভল্যুমের ১১৬ হইতে ১২৫নং পৃষ্ঠায় লিপিবদ্ধ ১৯৭৮ সালের ৩৭৬২ নং এককেতা সাফ কোবালা দলিল মূলে উক্ত ৩ কাঠা ১ ছটাক ৪০ স্কোয়ার ফিট বাস্তু জমি মায় একতলা ইমারত বাটী সাজপাট ইলেকট্রিক সহ সম্পত্তি তৎকালিণ উপযুক্ত পণ মূল্যে তাহার নিজার্থে ও স্বার্থে স্বনামে খরিদ করিয়া উক্ত জমি ও বাড়ীর খাস দখল গ্রহণ করতঃ বসবাসাদির দ্বারা মালিকান সেরেস্তায় ও সাবেক সাউথ সুবারবণ মিউনিসিপ্যালিটি তে তাহার নাম পত্তন পূর্ব্বক রাজস্ব খাজনা ও মিউনিসিপ্যাল করাদি স্বনামে আদায় দিতে থাকিয়া অন্যের নিরাংশে ও নির্ব্বিবাদে নির্ব্যূঢ় স্বত্বের মালিক রূপে ভোগ দখল করিতে থাকাবস্থায় উক্ত সম্পত্তি সাবেক সাউথ সুবারবণ মিউনিসিপ্যালিটির স্থলে কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের অন্তর্ভুক্ত হওয়ায়, এবং উক্ত সম্পত্তি কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১২২নং ওয়ার্ডে ৬০১,

Mamata Chakraborty
Shakti Chakraborty
Dipannita Chakraborty

মহাত্মা গান্ধী রোড প্রেমিসেস ভুক্ত সম্পত্তি রূপে ধার্য্য করাদি আদায়ে অন্যের নিরাংশে ও নির্ব্বিবাদে নির্ব্যূঢ় স্বত্বের মালিক রূপে ভোগ দখল করিতে থাকাবস্থায় তিনি উক্ত জমি যায় তদুপরিস্থিত বাটীর কোন বিলি বন্দোবস্ত বা উইলাদি না করিয়া অত্র কোবালার ১নং দাত্রীর স্বামী, ২ ও ৩নং দাতা দাত্রীর পিতা বর্তমানে মৃত শান্তনু চক্রবর্ত্তী'কে এবং শ্রী রাম লাল চক্রবর্ত্তী'কে দুই পুত্র ওয়ারিশ উত্তরাধিকার রাখিয়া অপর কোন ওয়ারিশান না রাখিয়া বিগত ইংরাজী ১০।৭।১৯৮৯ তারিখে পরলোক গমণ করিলে পর মৃত শ্রীমত্যা লীলা রাণী চক্রবর্ত্তী'র দুই পুত্র উক্ত শান্তনু চক্রবর্ত্তী' ও রাম লাল চক্রবর্ত্তী' মহাশয় দ্বয় তৎত্যক্ত হরিদেবপুর মৌজায় হাল ১১৭৯ নং খতিয়ান ভুক্ত ৪৬৪ নং দাগের উক্ত ৩ কাঠা ৯ ছটাক ৪০ স্কোয়ার ফিট বাস্তু জমি যায় তদুপরিস্থিত একতলা ইমারত বাড়ী সাজপাট বাউন্ডারী ওয়াল সহ সম্পত্তি উভয়ে তুল্যাংশে প্রাপ্ত হইয়া উক্ত জমি যায় পুরাতন জীর্ণ একতলা ইমারত বাটীতে বসবাসাদির দ্বারা রাজস্ব খাজনা ও কর্পোরেশনের ধার্য্য করাদি আদায়ে অন্যের নিরাংশে ও নির্ব্বিবাদে নির্ব্যূঢ় স্বত্বের মালিক রূপে যৌথ ভাবে ভোগ দখল করিতে থাকাবস্থায় অত্র কোবালার ১নং দাত্রীর স্বামী এবং ২, ৩নং দাতা দাত্রীর পিতা বর্তমানে মৃত শান্তনু চক্রবর্ত্তী' মহাশয় তাহার প্রাপ্ত আট আনা অংশের জমি যায় গৃহাদির কোন বিলি বন্দোবস্ত বা উইলাদি না করিয়া অত্র কোবালার ১নং দাত্রীকে তাহার স্ত্রী রূপে, ২নং দাতাকে পুত্র রূপে এবং ৩নং দাত্রীকে কন্যা রূপে ওয়ারিশ উত্তরাধিকার রাখিয়া অপর কোন ওয়ারিশাণ না রাখিয়া পরলোক গমণ করিলে পর আমরা অত্র কোবালা দাতা ও দাত্রীগণ তিন জনে মৃত শান্তনু চক্রবর্ত্তীর স্ত্রী, পুত্র ও কন্যা রূপে তৎত্যক্ত হরিদেবপুর মৌজার হাল ১১৭৯নং খতিয়ান ভুক্ত ৪৬৪ নং দাগের উক্ত ৩ কাঠা ৯ ছটাক ৪০ স্কোয়ার ফিট বাস্তু জমি যায় তদুপরিস্থিত পুরাতন জীর্ণ একতলা ইমারত বাটীর মধ্যে অর্দ্ধাংশের বা ॥. আট আনা রকমাংশের নিম্ন তপশীল বর্ণিত কমবেশী ১ কাঠা ১২ ছটাক ৪২.৫ স্কোয়ার ফিট বাস্তু জমি যায় তদুপরিস্থিত একতলা ইমারত বাটীর অর্দ্ধাংশ সাজপাট বাউন্ডারী ওয়াল সহ সম্পত্তি আমরা হিন্দু উত্তরাধিকার আইনানুসারে প্রাপ্ত হইয়া নিজ নিজ স্বত্ব দখল পরিচালনে

Mamata Chakraborty
Shakti. Chakraborty
Sipannita Chakraborty



অন্যের নিরাংশে ও নির্ব্বিবাদে নির্ব্যূঢ় স্বত্বের মালিক রূপে এযাবৎকাল যৌথ ভাবে ভোগ দখল করিয়া আসিতেছি । আমাদের ॥• আট আনা অংশের উক্ত সম্পত্তিতে আমাদের বিক্রয় যোগ্য নির্ব্যূঢ় স্বত্ব দখল ও অধিকার আছে ।

এক্ষনে অত্র কোবালার ১ হইতে ৩নং দাতা ও দাত্রী গণ আমাদের নানাবিধ সঙ্গত কারণে নগদ অর্থের বিশেষ প্রয়োজনে আমাদের স্বামীর ও পিতার ওয়ারিশ সূত্রে প্রাপ্ত নিম্ন তপশীল চৌহদ্দিভুক্ত উক্ত ৩ কাঠা ৯ ছটাক ৪0 স্কোয়ার ফিট বাস্তু জমি মায় বাড়ীর অবিভক্ত অর্দ্ধাংশের নিম্ন তপশীল বর্ণিত কমবেশী ১ এক কাঠা ১২ বার ছটাক ৪২.৫ বিয়াল্লিশ দশমিক পাঁচ স্কোয়ার ফিট বাস্তু জমি মায় একতলা ইমারত বাড়ীর অর্দ্ধাংশ সাজপাট সহ সম্পত্তি বর্তমান সময়োচিৎ মূল্য বেলমোক্তা ৩, 00, 000.00 (তিন লক্ষ) টাকা পণ মূল্য ধার্য্যে সম্পূর্ণ নিদ্দার্য় ও নির্দ্দোষ অবস্থায় বিক্রয় করিবার অভিপ্রায় ঘোষনা করিলে, আপনি অত্র কোবালা গ্রহিতা তাহা অবগত হইয়া আমাদের প্রস্তাবিত পণ মূল্য বাজারোচিৎ মূল্য জানিয়া উক্ত মূল্য ধার্য্য স্বীকারে মং ৩, 00, 000.00 (তিন লক্ষ) টাকা প্রদানে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি খরিদ করিতে ইচ্ছুক হইয়া গ্রাহক রূপে আমাদের নিকট উহার প্রকাশ ও প্রস্তাব করায়, অত্র কোবালা দাতাগণ আমরা আপনার প্রস্তাব গ্রহণ করত: নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আপনার নিকট বিক্রয় করিতে রাজী হইয়া ধার্য্যকৃত পণ মূল্যের সমুদয় মং ৩, 00, 000.00(তিন লক্ষ) টাকা আমরা নিম্ন লিখিত জায় মত আপনার নিকট হইতে বুঝিয়া পাইয়া পণের লিখিত সমুদয় টাকার প্রাপ্তি স্বীকারে আপনার নাম বরাবরে অত্র সাফ বিক্রয় কোবালা দলিল খানি যথারিতী সহি সম্পাদন ও রেজিস্ট্রী করিয়া দিয়া নিম্ন তপশীল বর্ণিত এবং সঙ্গীয় নক্শায় লাল রঙের রেখার দ্বারা সীমাঙ্কিত করিয়া চিহ্নিত জমি মায় গৃহাদির ॥ আট আনা অংশের কমবেশী ১ কাঠা ১২ ছটাক ৪২৫ স্কোয়ার ফিট বাস্তু জমি মায় বাড়ীর অর্দ্ধাংশ সাজপাট সহ সম্পত্তি অদ্য আপনার নিকট সাফ বিক্রয় করিয়া ও দখল দিয়া অত্র বিক্রীত সম্পত্তি

Mamata Chakraborty
Shakti Chakraborty
Ripamita Chakraborty

হইতে দলিল দাতা গণ আমরা মায় ওয়ারিশাণ ও স্থলাভিষিক্ত গণ ক্রমে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম । অত্র বিক্রীত সম্পত্তিতে আমাদের যাহা কিছু স্বত্ব সামিত্ব দখল অধিকার দাবী দাওয়া লভ্যাংশ হক হকিয়তাদি ছিল ও আছে, তৎসমুদয় চিরতরে রদ ও রহিত হইয়া সর্ব্বতোভাবে আপনার প্রতি বর্ত্তাইল ও অর্পিল । অত্র কোবালা গ্রহিতা আপনি অদ্যকার তারিখ হইতে অত্র বিক্রীত সম্পত্তিতে আমাদের যাবতীয় স্বত্বে স্বত্ববান, দখলে দখলীকার হইয়া মালিকান সেরেস্তায় এবং বর্তমান কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে আপনার নিজ নাম পত্তন করাইয়া রাজস্ব খাজনা ও কর্পোরেশনের ধার্য্য করাদি সন সন আদায় দিতে থাকিয়া নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে নির্ব্যূঢ় স্বত্বের মালিক রূপে দান, বিক্রয়, বিলি-বন্দোবস্ত ইত্যাদির দ্বারা সর্ব্ববিধ হস্তান্তর রূপান্তর অবস্থান্তর করণের যদৃচ্ছা ক্ষমতা যুক্তে পুত্র, পৌত্রাদি ওয়ারিশাণ ও স্থলাভিষিক্ত গণ ক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন । তাহাতে আমরা কিংবা আমাদের ওয়ারিশাণ ও স্থলাভিষিক্ত গণ ক্রমে কেহ কস্মিন কালেও কোন রূপ ওজরাপত্তি কিংবা দাবী দাওয়া করিবনা বা করিতে পারিবেনা । যদি ভবিষ্যতে আমরা কিংবা আমাদের ওয়ারিশাণ ও স্থলাভিষিক্ত গণের মধ্যে কেহ কোন রূপ ওজরাপত্তি কিংবা দাবী দাওয়া উত্থাপন করি বা করে, তাহাও অত্র দলিল বনিয়াদে সর্ব্ব স্থানে সর্ব্ব প্রকার অফিস আদালতে সর্ব্বতোভাবে বাতিল ও নামঞ্জুর বলিয়া গণ্য হইবে ।

এতদ্বারা স্বীকার অঙ্গীকার প্রকাশ ও প্রচার করিতেছি যে, নিম্ন তপশীল বর্ণিত অত্র বিক্রীত সম্পত্তি বা উহার কোন অংশ আমরা ইতি পূর্ব্বে দান, বিক্রয়, বিলি-বন্দোবস্ত ইত্যাদির দ্বারা অপর কাহারও নিকট কোন রূপ হস্তান্তর কিংবা দায় সংযোগাদি করিনাই বা হস্তান্তর করিবার উদ্দেশ্যে কাহারও সহিত চুক্তিকরিনাই বা বায়না করিনাই । অত্র বিক্রীত সম্পত্তি সম্পর্কে কোন মামলা মোকর্দ্দমা চলতি বা পেন্ডিং নাই বা উহা বিক্রয় না করিবার জন্য কোন অফিস আদালত হইতে নিষেধাজ্ঞা জারী হয়নাই । উহা সরকার বাহাদুর , কে, এম, ডি, এ, অথবা কোন বে-সরকারী প্রতিষ্ঠান কর্ত্তৃক এ্যাকুইজিশান বা

Mamata Chakraborty
Shakti. Chakraborty
Nipamita Chakraborty

রিকুইজিশান হয়নাই বা ঐ মধ্যে অদ্যাবধী কোন নোটিশ জারী হয়নাই । উহা কোন দেব সেবায় অর্পন করিনাই । আমাদের স্বামী ও পিতার ওয়ারিশ সূত্রে প্রাপ্ত ॥. আট আনা অংশের সম্পত্তি সম্পূর্ণ নিদ্দার্য় ও নিদ্দোষ অবস্থায় আমাদের ভোগ দখলে থাকাবস্থায় অদ্যকার তারিখে আপনার নিকট সাফ বিক্রয় করিয়া অত্র বিক্রীত সম্পত্তির খোলসা খাস দখল দিলাম ।

প্রকাশ থাকে যে, আমাদের উপরি উক্ত উক্তি সমূহের ও বয়ানের মধ্যে যদি কোনও একটি উক্তি মিথ্যা কিংবা তঞ্চকতা বলিয়া প্রকাশ পাইয়া যদি ভবিষ্যতে আপনার অত্র খরিদা স্বত্বের ও স্বার্থের হানি হয়, কিংবা দখলে বাধা বিঘ্ন ঘটে তাহা হইলে আমরা দায়ী থাকিব এবং আপনার যাহা কিছু ক্ষতি খেসারৎ ও খরচ হইবে তৎসহ মূল্যের গৃহীত সমূদয় টাকা আমরা আপনাকে এককালিণ ফেরৎ দিতে বাধ্য থাকিলাম ও থাকিব ।


আরও প্রকাশ থাকে যে, অত্র কোবালায় যদি কোন ভুল ভ্রান্তি থাকা বশত: যদি ভবিষ্যতে আপনার অত্র খরিদা স্বত্ব দৃঢ় করনার্থে অত্র কোবালার পোষকে আপনার অনুকূলে কোন সংশোধনী দলিল বা পরিপূরক দলিলাদি সম্পাদন ও রেজিষ্ট্রি করিয়া দিবার আবশ্যক হয়, তাহাও আমরা আপনার তলবমত আপনার খরচায় কপর্দ্দকও গ্রহণ না করিয়া বিনা ওজরাপত্তিতে আপনার নাম বরাবরে যে কোন সংশোধনী দলিল রেজিষ্ট্রি করিয়া দিতে আমরা মায় ওয়ারিশাণগণ ক্রমে বাধ্য থাকিলাম ও থাকিবে ।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে স্বেচ্ছায় সজ্ঞানে নিজ নিজ প্রয়োজনে আমরা অত্র দলিল খানি পাঠ করিয়া ইহার মর্ম্ম সম্যক অবগত হইয়া ধার্য্যকৃত পণ মূল্যের সমূদয় টাকা নিম্ন লিখিত জায় মত আপনার নিকট হইতে বুঝিয়া পাইয়া আপনার নাম বরাবরে অত্র সাফ বিক্রয় কোবালা দলিল খানি যথারিতী সহি সম্পাদন করিলাম । ইতি তাং ইংরাজী ২০০৫ সালের ১১ই মার্চ , মোতাবেক বাংলা ১৪১১ সনের ২৭শে ফাল্গুন ॥

DEED PLAN OF A 50% SHARE OF LAND WITH AN EXISTING DELAPIDATED CONDITION BUILDING AT NORTHERN SIDE AT PREMISES NO.- 601 MAHATMA GANDHI ROAD, WARD NO.- 122, BOROUGH NO.- XIII, UNDER S.S. UNIT OF K.M.C. PORTION OF C.S. DAG NO.- 465, IN KHATIAN NO.- 1179, R.S. NO.- 35, PART OF MOUZA- HARIDEVPUR, P.S.- THAKURPUKUR, DIST.- 24 PGS(S). FOR SRI ASHIT KUMAR SARKAR.

LAND AREA = 1 K- 12 CH- 42.5 SQFT. (APPROX.)

SCALE = 8FT TO 1"IN




SIGNATURE OF VENDOR

Mamata Chakraborty
Shakti Chakraborty
Sipamita Chakraborty

। ১০ ।

## তপশীল বিক্রীত সম্পত্তির বিবরণ ও জমির চৌহদ্দি :-

জেলা- দক্ষিন ২৪ পরগনা, থানা- সাবেক বেহালা হাল ঠাকুরপুকুর, এ.ডি.এস.আর. অফিস- বেহালা, সাবেক সাউথ সুবারবণ মিউনিসিপ্যালিটির ২০৫।১, মহাত্মা গান্ধী রোড হোল্ডিং ভুক্ত বর্তমান কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১২২ নং ওয়ার্ডের অন্তর্ভুক্ত ৬০১ মহাত্মা গান্ধী রোড, কলকাতা- ৭০০০৮২ প্রেমিসেস এর অংশ ভুক্ত পরগনা- খাসপুর অত্র জেলা কালেকটারির ৩৩৫৮নং তৌজি ভুক্ত রে: সা: নং ৩৫, জে: এল : নং ২৫, মৌজা- হরিদেবপুর গ্রামে সাবেক ১৭২ নং খতিয়ানের অধীন বিগত রিভিসন্যাল জরীপের ১১৭৯ নং খতিয়ান ভুক্ত ৪৬৪ (চারশত চৌষট্টি)নং দাগে স্কীম প্ল্যানের " পি " প্লটের ২ কাঠা ১৫ ছটাক ৪৪ স্কোয়ার ফিট বাস্তু জমি মায় " ও " প্লটের ৯ ছটাক ৪১ স্কোয়ার ফিট বাস্তু জমি একত্রিত মতে " পি " এবং " ও " প্লটের জমি একত্রিত মতে নিম্ন চৌহদ্দি ভুক্ত কমবেশী ৩ তিন কাঠা ৯ নয় ছটাক ৪০ চল্লিশ স্কোয়ার ফিট বাস্তু জমি মায় তদুপরিস্থিত ৭০০ স্কোয়ার ফিট কভার্ড এরিয়া যুক্ত পুরাতন জীর্ণ একতলা ইমারত বাড়ী সাজপাট ইলেকট্রিক মায় বাউন্ডারী ওয়াল সহ সম্পত্তির মধ্যে আমাদের স্বামী ও পিতার ওয়ারিশ সূত্রে প্রাপ্ত আট আনা রকমাংশের কমবেশী ১ এক কাঠা ১২ বার ছটাক ৪২.৫ বিয়াল্লিশ দশমিক পাঁচ স্কোয়ার ফিট বাস্তু জমি মায় তদুপরিস্থিত একতলা বাড়ীর অবিভক্ত ॥.(আট) আনা রকমাংশের কমবেশী ৩৫০ স্কোয়ার ফিট কভার্ড এরিয়া যুক্তগৃহাদি সাজপাট বৃক্ষাদি মায় তৎসংক্রান্ত সর্ব্ববিধ ব্যবহারিক স্বত্ত, চলাচল স্বত্ত, বর্ত্তাস্বত্ত, ইজমেন্ট রাইট সহ দরবস্ত হক হকুক অত্র কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে। বিক্রীত সম্পত্তি বর্তমান কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের এ্যাসেসি নং ৪১-১২২-০৭-০৫১৬-৩ হইতেছে। অত্র দলিল সঙ্গীয় নক্‌শায় বিক্রীত সম্পত্তি লাল রঙের রেখার দ্বারা সীমাঙ্কিত করিয়া চিহ্নিত হইল, উক্ত নক্‌শা অত্র কোবালার একাংশ বলিয়া গণ্য হইবে। ইহার বার্ষিক হারাহারী খাজনা ২২ পয়সা দিতে হয়, মালিক প: ব: রাজ্য সরকার পক্ষে অত্র জেলা কালেকটার বাহাদুর।


Mamata

Thumb 1st finger middle finger ring finger small finger



left hand

right hand



Name Ashil Kumar Sarkar

Signature ASarkar




left hand

right hand




Name MAMATA CHAKRABORTY.

Signature Mamata Chakraborty



left hand

right hand



Name SHAKTI CHAKRABORTY.

Signature Shakti Chakraborty.



left hand

right hand



Name DIPANNITA CHAKRABORTY.

Signature Dipannita Chakraborty.

Mamata Chakraborty
Shakti. Chakraborty.
Sipannita Chakraborty

জমির চৌহদ্দি :-
***********

উত্তরে :- সুধীর সরকার নামিয় পুকুর ।

দক্ষিনে :- শ্রীমতী গীতা রানী দত্ত ।

পূর্বে :- শ্রীপতি বিশ্বাসের জমি ।

পশ্চিমে :- ১৬'-০" ফুট প্রশস্থ রাস্তা ।

এই ঘের চৌহদ্দি মধ্যে ৩ কাঠা ৯ ছটাক ৪০ স্কোয়ার ফিট বাস্তু জমি মায় তদুপরিস্থিত একতলা পুরাতন জীর্ণ বাড়ীর মধ্যে অত্র দলিল দাতা গণের নিজ ॥ (আট) আনা অংশের কমবেশী ১ এক কাঠা ১২ বার ছটাক ৪২.৫ বিয়াল্লিশ দশমিক পাঁচ স্কোয়ার ফিট বাস্তু জমি মায় একতলা বাড়ীর অর্ধাংশ মাজপাট সহ সম্পত্তি অত্র কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে ।

তপশীল টাকার জায় :-
**************

| | |
|---|---|
| বিগত ইংরাজী ২১.২.০৫ তারিখের স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া হাজরা রোড, কলকাতা শাখার " ১৪৩০২২" নং ড্রাফট্ মূলে প্রাপ্ত - | ১,৫০,০০০.০০ টাকা |
| অদ্যকার তারিখে নোটে ও নগদে প্রাপ্ত - - - - - - - | ১,৫০,০০০.০০ টাকা, |
| | ৩,০০,০০০.০০ টাকা |

মং তিন লক্ষ টাকা মাত্র বুঝিয়া পাইলাম ।

Mamata Chakraborty, Shakti. Chakraborty, Sipannita Chakraborty.

মুসাবিদাকারক :-
Subrata Bhowmick
Advocate
Alipur Police Court.
Enrolment No. F-1246/1199/99.

ইসাদি :-
① শ্রীরামপ্রসাদ চক্রবর্তী
৯৩০/২০১৭. এ.মাজু রোড
কলিকাতা-৮২,

② [illegible]
৩০ ... 
কলিকাতা - ৮২

টাইপকারক :-
[signature]
আলিপুর, কলকাতা- ২৭